

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর

৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা- ১০০০।

☎: +৮৮-০২-৯৩৩৩৬৫১ ☎: +৮৮-০২-৯৩৪২২২৬ www.scouts.gov.bd

পত্র নং- বাঃস্কাঃ(প্রোগ্রাম)/১৬৪০(১০০)/২০১৮

তারিখ : ১৯ পৌষ ১৪২৪
০২ জানুয়ারি ২০১৮

সম্পাদক

বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল।

বিষয় : পাঁচমারী, মধ্য প্রদেশ ভারতে অনুষ্ঠেয় ২০তম আন্তর্জাতিক অ্যাডভেঞ্চার প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী রোভার স্কাউট ও এডাল্ট লিডারের নামের তালিকা প্রেরণ সম্পর্কীয়।

জনাব,

আপনি অবহিত আছেন যে, আগামী ২-৮ ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত ভারত স্কাউট এন্ড গাইডস-এর ন্যাশনাল অ্যাডভেঞ্চার ইনস্টিটিউট, পাঁচমারী, মধ্য প্রদেশ ভারতে ২০তম আন্তর্জাতিক অ্যাডভেঞ্চার প্রোগ্রাম অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে আন্তর্জাতিক বিভাগ থেকে উক্ত প্রোগ্রামের সার্কুলার জারী করা হয়েছে। যে সকল রোভার স্কাউট/এডাল্ট লিডার প্রোগ্রাম ও অন্যান্য স্কাউটিং কার্যক্রম বাস্তবায়নে নিরলস ও নিবেদিত ভাবে শ্রম দিয়ে আসছেন তাঁদের মধ্যে থেকে বাংলাদেশ স্কাউটস, প্রোগ্রাম বিভাগের উদ্যোগে “বাংলাদেশে স্কাউটিং সম্প্রসারণ ও স্কাউট শতাব্দী ভবন নির্মাণ প্রকল্প”-এর অর্থায়নে ৪-৬ সদস্য বিশিষ্ট একটি টীম প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।


যে সকল রোভার স্কাউট/স্কাউটার বাংলাদেশ স্কাউটস-এর অর্থায়নে ইতোপূর্বে বিদেশ ভ্রমণ করেননি তাঁদের অগ্রধিকার দেয়া হবে। প্রোগ্রাম ও অন্যান্য স্কাউটিং কার্যক্রমে উল্লেখযোগ্য অবদান রেখেছেন এমন আগ্রহীদের নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে অনুরোধ করা যাচ্ছে:

শর্তাবলী ও যোগ্যতা :

- ১। শারীরিকভাবে সুস্থ ও সংক্রামক রোগমুক্ত হতে হবে। (ঠান্ডা ও রোদে কঠোর পরিশ্রম করতে সক্ষম, পাহাড়ে উঠানামা এবং প্রতিদিন ১৬-২০ কি. মি. হাটতে হতে পারে) ;
- ২। ১ ফেব্রুয়ারি ২০১৮ যাদের বয়স সর্বোচ্চ ৪৫ বছর ;
- ৩। রোভার স্কাউট : কমপক্ষে সেবাস্তর ;
- ৪। ইউনিট লিডার : কমপক্ষে উডব্যাচার (স্কাউট/রোভার শাখা) ;
- ৫। আবেদনকারীর কমপক্ষে ছয় মাসের মেয়াদসহ পাসপোর্ট থাকতে হবে ;
- ৬। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভবৃন্দ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন ;

আপনার অঞ্চল হতে ০২ (দুই) জন (একজন মেয়ে ও একজন ছেলে) এর আবেদন পত্র আগামী ১৪ জানুয়ারি, ২০১৮ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে বাংলাদেশ স্কাউটস-এর জাতীয় সদর দফতরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন পত্র গ্রহণযোগ্য হবেনা।

জাতীয় সদর দফতর থেকে প্রাপ্ত আবেদন পর্যালোচনা করে অংশগ্রহণকারীদের মনোনয়ন চূড়ান্ত করা হবে।



(আরশাদুল মুকাদ্দিস)

নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ স্কাউটস

বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। আঞ্চলিক উপ কমিশনার (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
- ২। পরিচালক (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস ;
- ৩। প্রফেশনাল স্কাউটস এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস ;

সদয় জ্ঞাতার্থে :

- ১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ;
- ২। জাতীয় কমিশনার (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস ;
- ৩। জাতীয় কমিশনার (প্রকল্প), বাংলাদেশ স্কাউটস ;
- ৪। আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল।

